পরিশিষ্ট 'ঞ'

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২০, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচন কমশিন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

প্রজ্ঞাপন

তারিখ ৫ই ভাদ্র, ১৪০৮/২০শে আগস্ট, ২০০১

এস, আর, ও, নং ২২৫-আইন/২০০১ Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল ঃ

১। **সংক্ষিপ্ত শিরনামা**।–এই বিধিমালা নির্বাচন কমিশন (রাজনৈতিক দল নিবন্ধীকরণ) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "Article" অর্থ Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর কোন Article ;

(খ) "ফরম" অর্থ এই বিধিমালার তফসিলের সহিত সংযুক্ত কোন ফরম ;

(গ) "রাজনৈতিক দল" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১)এ সংজ্ঞায়িত কোন রাজনৈতিক দল।

৩। নিবন্ধনের জন্য দরখাস্ত।–(১) কোন রাজনৈতিক দল Article 90A এর অধীন নিবন্ধিত হইতে ইচ্ছুক হইলে উহাকে ফরম-১ এ দরখাস্ত করিতে হইবে।

(২) উক্ত দরখাস্তের সহিত নিম্নলিখিত দলিলপত্র সংযুক্ত থাকিতে হইবে, যথা ঃ–

(ক) দলের গঠনতন্ত্র, যে নামেই অভিহিত হউক, এর একটি সত্যায়িত কপি ;

(খ) নিবন্ধনের জন্য দলের পরিচালকমন্ডলী, যে নামেই অভিহিত হউক না কেন, এর সিদ্ধান্তের একটি সত্যায়িত কপি ;

(গ) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের বরাবরে বাংলাদেশ ব্যাংক বা অন্য কোন তফসিলী ব্যাংকে (কোড নম্বর ৬-১০৫১-০০০০-৮৪৭৩) নিবন্ধন ফি বাবদ জমাকৃত ট্রেজারী চালানের কপি।

৪। নিবন্ধন ফি।–(১) কোন রাজনৈতিক দল Article 90A এ অধীনে নিবন্ধিত হইতে ইচ্ছুক হইলে উহাকে নিবন্ধন ফি হিসাবে পাঁচ হাজার টাকা কমিশনকে প্রদান করিতে হইবে।

২। নিবন্ধনের জন্য দরখাস্ত না মঞ্জুর হইলে উক্ত ফি ফেরৎ দেওয়া হইবে।

৫। নিবন্ধন প্রক্রিয়া।–(১) বিধি ৩ এর অধীন নিবন্ধনের জন্য কোন দরখাস্ত প্রাপ্ত হইলে কমিশন উক্ত দরখাস্ত সম্পর্কে ফরম-২ এ একটি নোটিশ, দরখাস্তকারী দলের নিবন্ধনের ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে তাহা নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে পেশ করিবার জন্য আহ্বান জানাইয়া, দুইটি জাতীয় দৈনিকে প্রকাশ করিবে।

২। নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে কোন আপত্তি পাওয়া গেলে, কমিশন দরখাস্তকারী ও আপত্তিকারীকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান করিবার পর নিবন্ধনের দরখাস্তটি বিবেচনা করিবে।

৩। নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে কোন আপত্তি পাওয়া না গেলে কমিশন এই বিধিমালার বিধান অনুযায়ী নিবন্ধনের দরখাস্তটি বিবেচনা করিবে।

৬। **নিবন্ধন মঞ্জুর, ইত্যাদি।**–(১) নিবন্ধনের জন্য পেশকৃত কোন দরখাস্ত যথাযথভাবে পূরণ করা না হইলে, বা ইহাতে Article 90A এর clause (2) এ উল্লিখিত ব্যক্তিগণের দস্তখত না থাকিলে, বা ইহার সহিত প্রয়োজনীয় দলিলপত্র এবং নিবন্ধন ফি জমা প্রদর্শনকারী চালানের রশিদ সংযুক্ত না থাকিলে, বা দরখাস্তকারী রাজনৈতিক দল বলিয়া বিবেচিত না হইলে বা Article 90A এর clause (4) এ উল্লিখিত বিধান দলের গঠনতন্ত্রে না থাকিলে, বা Article 90A এর clause (5) এর অধীন কমিশন কর্তৃক দাবীকৃত দলিলপত্র বা তথ্য তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করা না হইলে, বা একই নামে অন্য কোন দল ইতোপূর্বে নিবন্ধিত হইয়া থাকিলে কমিশন দরখাস্ত না মঞ্জুর করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, দরখাস্তকারী দলকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান না করিয়া কোন দরখাস্ত না মঞ্জুর করা যাইবে না।

(২) নিবন্ধনের জন্য পেশকৃত কোন দরখাস্ত কমিশন গ্রহণযোগ্য বলিয়া বিবেচনা করিলে, কমিশন ইহা মঞ্জুর করিবেন এবং ফরম-৩ এ দরখাস্তকারী রাজনৈতিক দলকে একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

৭। **একই নামে একাধিক দল নিবন্ধনে বাধা-নিষেধ।**–(১) কমিশন একই নামে একাধিক রাজনৈতিক দলকে নিবন্ধন মঞ্জুর করিবে না।

(২) যদি কোন নামে কোন রাজনৈতিক দল ইতোপূর্বে নিবন্ধিত হইয়া থাকে, তাহা হইলে ঐ নামে অন্য কোন দলের নিবন্ধনের দরখাস্ত না মঞ্জুর হইবে।

(৩) যদি একাধিক রাজনৈতিক দল একই নামে নিবন্ধনের জন্য দরখাস্ত করেন এবং ইতোপূর্বে এই নামে অন্য কোন দল নিবন্ধিত না হইয়া থাকে, তাহা হইলে কমিশন দরখাস্তকারী সকল দলকে যুক্তিসংগত শুনানীর সুযোগ প্রদান করিয়া উহাদের যে কোন একটি দলকে নিবন্ধন মঞ্জুর করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, যদি দরখাস্তকারী প্রত্যেক দলের নামের সহিত এমন কোন শব্দ যুক্ত থাকে যাহাতে এক দলকে অন্য দল হইতে পৃথকভাবে চিহ্নিত করা যায়, তাহা হইলে তাহাদের সকলকেই নিবন্ধন মঞ্জুর করা যাইবে।

তফসিল

ফরম–১

[বিধি ৩(১) দেখুন]

বরাবর

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর Article 90A এর অধীন রাজনৈতিক দল নিবন্ধনের জন্য দরখাস্ত

১। দলের নাম ....

২। দলের সংক্ষিপ্ত নাম, যদি থাকে ....

৩। (ক) দলের সদর দফতরের ঠিকানা ....

(খ) যোগাযোগ রক্ষাকারীর নাম..

(গ) টেলিফোন নং ....

(ঘ) ফ্যাক্স নং ....

(ঙ) ই-মেইল নং ....

৪। দলের কার্য নির্বাহকগণের নাম–

(ক) ....

(খ) ....

(গ) ....

৫। দরখাস্তের তারিখে দলের মোট সদস্য সংখ্যা ....

৬। দলের সহিত সম্বন্ধীকৃত বা সংযুক্ত দলসমূহের, যদি থাকে, নাম এবং উহাদের প্রত্যেকটির সদর দফতরের ঠিকানা–

(ক) নাম .... ঠিকানা ....

(খ) নাম .... ঠিকানা ....

(গ) নাম .... ঠিকানা ....

৭। দলের মনোনয়নে সংসদে নির্বাচিত সদস্যের সংখ্যা, যদি থাকে..............

৮। গত দুইটি সংসদে দলের মনোনয়নে নির্বাচিত সদস্যের সংখ্যা, যদি থাকে....

৯। গত দুইটি সংসদ নির্বাচনের প্রত্যেকটিতে দলের সকল প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোটের মোট সংখ্যা—

(ক)..

(খ)..

১০। দলের বিভিন্ন স্তরের স্থানীয় ইউনিটসমূহের নাম ও সংখ্যা যদি থাকে........

(ক) নাম..সংখ্যা...........

(খ) নাম..সংখ্যা...........

(গ) নাম..সংখ্যা...........

(ঘ) নাম..সংখ্যা...........

(ঙ) নাম..সংখ্যা...........

ঘোষণা

উপরে প্রদত্ত তথ্যসমূহ আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। আমরা দলের পরিচালকমণ্ডলীর প্রস্তাব অনুসারে এই দরখাস্ত পেশ করিতেছি।

স্থান................	সভাপতি বা	মহাসচিব বা সমমর্যাদাধারী
তারিখ............	সমমর্যাদাধারী কার্যনির্বাহকের দস্তখত	কার্যনির্বাহকের দস্তখত

ফরম-২

[বিধি ৫ দেখুন]

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

নোটিশ

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর Article 90A এর অধীন ....নামে একটি রাজনৈতিক দলের নিবন্ধনের জন্য জনাব.......................................ও জনাব...................................যথাক্রমে উক্ত দলের সভাপতি/সভাপতির সমমর্যাদাধারী কার্যনির্বাহক এবং মহাসচিব/মহাসচিবের সমমর্যাদাধারী কার্যনির্বাহক কমিশনের নিকট একটি দরখাস্ত পেশ করিয়াছেন। রাজনৈতিক দলটি নিবন্ধনের ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে তিনি আগামী ....তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানাইতে পারেন।

তারিখ ঃ

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফরম-৩

বিধি ৫ (২) দেখুন

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নিবন্ধন সার্টিফিকেট

প্রত্যায়ন করা যাইতেছে যে, নিম্নবর্ণিত রাজনৈতিক দল Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর Article 90A এর অধীন বাংলাদেশ নির্বাচন কমিশনের সহিত নিবন্ধিত হইয়াছে ঃ

নিবন্ধিত রাজনৈতিক দলের নাম..

নিবন্ধিত রাজনৈতিক দলের সংক্ষিপ্ত নাম..

নিবন্ধনের তারিখে উহার সদর দফতরের ঠিকানা......................................

নিবন্ধনের তারিখে উহার সভাপতি বা সমমর্যাদাধারী কার্যনির্বাহকের নাম..........

নিবন্ধনের তারিখে উহার মহাসচিব বা সমমর্যাদাধারী কার্যনির্বাহকের নাম..........

নিবন্ধন নং........................

নিবন্ধনের তারিখ........................

নির্বাচন কমিশনের আদেশক্রমে
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
এম সাইফুল ইসলাম
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়।